## ২.১০ অনুবিভাগ-১০ ডেভেলপমেন্ট ইফেকটিভনেস (ডিই)

ডেভেলপমেন্ট ইফেকটিভনেস (ডিই) অনুবিভাগের ২০১৫-১৬ অর্থবছরের কার্যাবলীর মধ্যে খসড়া জাতীয় উন্নয়ন সহযোগিতা নীতিমালা প্রণয়ন অন্যতম। এ লক্ষ্যে, জাতীয় উন্নয়ন সহযোগিতা নীতিমালার খসড়ার উপর বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং উন্নয়ন সহযোগীদের কর্মকর্তাদের পরামর্শ সভা করা হয়েছে। প্রাপ্ত মতামতের ভিত্তিতে বৃহত্তর পরামর্শ সভা করার কার্যক্রম গ্রহন করা হয়েছে। এছাড়া, পাঁচটি লাইন মন্ত্রণালয়/বিভাগের সক্ষমতা সমীক্ষা ও সক্ষমতা উন্নয়ন কৌশল প্রণয়ন চূড়ান্ত হয়েছে।

২০১৫-১৬ অর্থবছরের ডিই অনুবিভাগের কার্যাবলীর মধ্য আর একটি অন্যতম বিষয় হলো গত ১৫-১৬ নভেম্বর ২০১৫ তারিখে Bangladesh Development Forum (BDF) এর আয়োজন করা। উচ্চ পর্যায়ের এ সভায় বাংলাদেশ সরকার ও উন্নয়ন সহযোগী যৌথভাবে দেশের অর্থনৈতিক উন্নয়ন তরান্বিত করার লক্ষ্যে অংশীদারিত্ব জোরদার করনে গুরুত্বারোপ করেন। এতে সপ্তম পঞ্চ বার্ষিকপরিকল্পনা, সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (এমডিজি), দারির্দ্য বিমোচনে সরকারের উদ্যোগ, সরকারের ভিশন-২০২১ বিশেষ গুরুত্ব পায়।

এছাড়া, নতুন JCS (২০১৬-২০২০) প্রণয়নের কাজ চলছে। ইতোমধ্যে পরামর্শক নতুন JCS এর খসড়া রূপরেখা ও উল্লিখিত খসড়ার উপর ভিত্তি করে খসড়া কর্মপরিকল্পনা JCS টাস্ক টিমের সদস্যদের বিবেচনাধীন রয়েছে। গত ৯ জুলাই ২০১৫ তারিখে লোকাল কন্সাল্টেটিভ গ্রুপের প্লেনারি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সরকার ও উন্নয়ন সহযোগীরা সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনায় অন্তর্ভূক্ত খাতওয়ারী লক্ষ্য ও কর্মকৌশল সমূহ যৌথভাবে পর্যালোচনা করেন ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন। বিশ্বব্যাপী উন্নয়ন সহযোগিতার কার্যকারিতা নিরীক্ষণের জন্য Global Partnership for Effective Development Cooperation বা GPEDC কর্তৃক প্রণীত বৈশ্বিক নিরীক্ষা কার্যক্রমের প্রস্তাবিত পন্থাসমূহ জাতীয় পর্যায়ে পরীক্ষা নিরীক্ষা করার ক্ষেত্রে এ অনুবিভাগ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করেছে। তাছাড়া, Effective Institutions Platform (EIP) এর সাথে যৌথভাবে Country Dialogue on Using and Strengthening Local Systems in Bangladesh শীর্ষক একটি fact finding মিশন পরিচালনায় এ অনুবিভাগ সহায়তা প্রদান করে। বৈদেশিক সাহায্যের কার্যকারিতা বৃদ্ধির জন্য কাজ করছে এ ধরনের বিভিন্ন আন্তর্জাতিক ফোরাম যেমন : Global Partnership for Effective Development Cooperation (GPEDC) International Aid Transparency Initiative (IATI), Asia Pacific Development Effectiveness Facility (APDEF) –এ ইআরডির যথাযথ অংশগ্রহণ নিশ্চিত করণে এই অনুবিভাগ প্রয়োজনীয় সহায়তা প্রদান করে আসছে। উল্লেখ্য যে, সিনিয়র সচিব, ইআরডি IATI- এর সহ সভাপতি এবং APDEF এর সভাপতির দায়িত্ব ছাড়াও GPEDC এর Steering Committee এর সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন।

International Aid Transparency Initiative (IATI) হতে স্বয়ংক্রিয় ভাবে Aid Information Management System (AIMS) - এ বৈদেশিক সহায়তা সম্পর্কিত তথ্য প্রবাহের লক্ষ্যে একটি ডাটা ইম্পোর্ট মডিউল প্রস্তুত করা হয়েছে এবং AIMS এ জিও কোডিং অন্তর্ভূক্ত করার উদ্দেশ্যে USAID Bangladesh এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এর মধ্যে একটি MoU স্বাক্ষর প্রক্রিয়াধীন আছে।

১৫–১৯ মে ২০১৬ তারিখে থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে UNESCAP এর ৭২ তম সাধারণ অধিবেশনে বাংলাদেশ সরকারের প্রতিনিধি দলের মনোনয়ন সংগ্রহ, চূড়ান্তকরণ ও সভায় উপস্থাপনের নিমিত্তে কার্যপত্র প্রণয়ন এবং সভা পরবর্তী প্রণীত সুপারিশের আলোকে কর্যাবলী সম্পাদন করা হয়েছে। UNESCAP এর আয়োজনে ১৫–১৬ জুন ২০১৬ তারিখে "Workshop on the adaptation of the 2030 Agendain Bangladesh" ঢাকায় অনুষ্ঠিত হয়েছে। ২৮–৩০ জুন ২০১৬ তারিখে Lao PDR-এ অনুষ্ঠিত "Regional Workshop on Economic and Social Commission for Asia and Pacific (ESCAP)"- বাংলাদেশ সরকারের প্রতিনিধি হিসেবে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এর সিনিয়র সচিব মহোদয়ের অংশগ্রহণ সংক্রান্ত

কার্যাবলী সম্পাদন করা হয়েছে। ESCAP capacity-building for access to climate finance- হতে সহায়তা পাওয়ার লক্ষ্যে "Request for Technical Assistance (Climate Change)" প্রস্তাব প্রস্তুতকরণ এবং তা এসকাপের নির্বাহী পরিচালক বরাবর প্রেরণ সংক্রান্ত কার্যাবলী সম্পাদন করা হয়েছে। UNESCAP-এর আয়োজনে দেশে বিদেশে প্রশিক্ষনের জন্য মনোনয়ন চেয়ে বিভিন্ন মন্ত্রণালয়ে অনুরোধ প্রেরণ, মনোনয়ন সংগ্রহ, চূড়ান্তকরণ ও আয়োজক সংস্থায় প্রেরণ সহ অন্যান্য বিষয়ে যোগাযোগ ও সমন্বয় সাধন সংক্রান্ত কার্যাবলী সম্পাদন করা হয়েছে। Colombo Plan Secretariat (CPS) এবং Colombo Plan Staff College (CPSC) কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণে কর্মকর্তা মনোনয়ন সংগ্রহ করা এবং এ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম। Colombo Plan Secretariat (CPS) আয়োজিত ৬টি প্রশিক্ষণে বিভিন্ন মন্ত্রণালয় বিভাগ হতে ১৩ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। Colombo Plan Staff College (CPSC) আয়োজিত ৮টি প্রশিক্ষণে ৮ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। এছাড়া, বাংলাদেশ সরকার কর্তৃক ২০১৫-২০১৬ অর্থবছরে আন্তর্জাতিক সংস্থা, যথাঃ Commonwealth Fund for Technical Education (CFTC)-এ ১,৪৯,০০০ পাউন্ড স্টার্লিং; Colombo Plan Secretariat (CPS)-এ ১৭,৪০০ মার্কিন ডলার; Colombo Plan Staff College (CPSC)-এ ৭,৪০০ মার্কিন ডলার; এবং Commonwealth Foundation-এ ২৩,৫০০ পাউন্ড স্টার্লিং বার্ষিক চাঁদা প্রদান করা হয়েছে।

ইস্তাম্বুল কর্মপরিকল্পনা (Instanbul Programme of Action-IPoA) বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম ডিই অনুবিগের আর একটি অন্যতম কার্যক্রম। ২০১৫-১৬ অর্থবছরে ইস্তাম্বুল কর্ম-পরিকল্পনার (Istanbul Programme of Action-IPoA) বাস্তবায়ন অগ্রগতি সম্বলিত জাতীয় প্রতিবেদন (National Report) প্রণয়ন করা হয়েছে। গত ২৭-২৯ মে তুরস্কের আনতালিয়ায় IPoA এর High-Level Midterm Review-অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশ প্রতিনিধি দলের অংশগ্রহণ সংক্রান্ত কার্যক্রম ডিই অনুবিভাগ হতে করা হয়। উল্লেখ্য, মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষে এলজিআরডি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এতে অংশগ্রহণ করেন। উক্ত সভায় উদ্বোধনী ও সমাপনী সেশনসহ ৬টি প্লিনারী সেশন, ৪টি গোলটেবিল বৈঠক, ২৫টি সাইড ইভেন্ট, ১টি প্রাইভেট সেক্টর ফোরাম ও ১টি সিভিল সোসাইটি ফোরাম ছাড়াও একটি প্রাক-সম্মেলন সভা অনুষ্ঠিত হয়। ইস্তাম্বুল কর্মপরিকল্পনা (Istanbul Programme of Action)-এর পরিপ্রেক্ষিতে বাংলাদেশের করণীয় ব্যবস্থাদি সম্পর্কে প্রণীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে গঠিত সমন্বয় ও পর্যবেক্ষণ কমিটিকে সহায়তার জন্য গঠিত উপ-কমিটির সভা (গত ৩১ আগষ্ট ২০১৫ তারিখে) এবং ফোকাল পয়েন্টদের (১৬ সেপ্টেম্বর ২০১৫ তারিখে) সভা আয়োজন করা হয়। এছাড়া, গত ২ ডিসেম্বর ২০১৫ তারিখ High-Level Midterm Review-এর জন্য IPoA বাস্তবায়ন অগ্রগতি সম্বলিত জাতীয় প্রতিবেদন (National Report)-এর খসড়ার ওপর আলোচনা ও প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদানের জন্য একটি অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় মাননীয় অর্থমন্ত্রী প্রধান অতিথি এবং মাননীয় বাণিজ্য মন্ত্রী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম সংক্রান্ত সভায় অংশগ্রহণ ছাড়াও ডিই অনুবিভাগ জিইডি প্রণীত খসড়া Mapping of Ministries/Division by SDGs and Corresponding Targets-এর উপর এ বিভাগের মতামত প্রেরণের উদ্দেশ্যে অনুবিভাগ প্রধানদের নিয়ে সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভার আয়োজন করে এবং উক্ত সভার সিদ্ধান্তের ভিত্তিতে জিইডি'তে মতামত প্রেরণ করে। এছাড়া, SDGs বাস্তবায়নে এ বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের নির্দেশনা অনুযায়ী অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাথে সরাসরি সম্পৃক্ত ১৭ নম্বর অভীষ্টের উপর একটি খসড়া কর্মপরিকল্পনা প্রণয়ন এবং একটি প্রাথমিক ও খসড়া donor Mapping তৈরী করা হয়।

**সম্ভাব্য ভবিষ্যত কার্যক্রমঃ**

বৈদেশিক সহায়তা সংক্রান্ত জাতীয় নীতিমালার চূড়ান্তকরণ এবং এ নীতিমালার আলোকে বৈদেশিক সহায়তা কার্যক্রম পরিচালনার জন্য ব্যবস্থা গ্রহণ করা হবে। ২০১৫ থেকে ২০২০ সময়কালের জন্য নতুন Joint Cooperation Strategy (JCS) বা যৌথ সহয়োগিতা কৌশল প্রণয়নে করা হবে। নিয়মিত এলসিজি প্রিলিমিনারি সভা ও এইড ইফেকটিভনেস ওয়ার্কিং গ্রুপের সভা আয়োজনে

প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হবে। AIMS –এ জিও কোডিং অন্তর্ভূক্ত করার ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে। কানাডা এইড এজেন্সীর মাধ্যমে বাংলাদেশের বাজেট শ্রেণীবিন্যাসে Creditor Reporting System (CRS) কোডস এর ম্যাপিং টেবিল প্রস্তুত করা হবে।

এছাড়া, UNESCAP এর উদ্যোগে Ministerial Conference on Transport Moscow, 5-9 December 2016-সংক্রান্ত কার্যক্রম, Survey on the Third Review and Appraisal of the Madrid International Plan of Action on Ageing in Asia and the Pacific-সংক্রান্ত কার্যক্রম ও Energy Access Forum-Powering Development in the Asia-Pacific 25 October 2016, Singapore-সংক্রান্ত কার্যক্রম গ্রহন করা হবে। UNESCAPএর ৭৩ তম সাধারণ অধিবেশনে বাংলাদেশ সরকারের প্রতিনিধি দলের মনোনয়ন সংগ্রহ ও চুড়ান্তকরণ, সভায় উপস্থাপনের নিমিত্তে কার্যপত্র প্রণয়ন সংক্রান্ত কর্যাবলীও ডিই অনুবিভাগ হতে করা হবে।

অধিকন্তু Colombo Plan Secretariat (CPS) এবং Colombo Plan Staff College (CPSC) কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণে কর্মকর্তা মনোনয়ন সংগ্রহ এবং এ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম, ইস্তাম্বুল কর্মপরিকল্পনা (Instanbul Programme of Action (IPoA) বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম এবং কমনওয়েলথ অর্থমন্ত্রী ও উর্ধ্বতন অর্থ-কর্মকর্তাদের সভায় বাংলাদেশের প্রতিনিধিদলের জন্য ব্রীফ প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম এ অনুবিভাগ হতে গ্রহন করা হবে।